

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২১৯

১/ বিবিধ

আরবী

العربون لمن عربن باطل

رواه الدارقطني في " الغرائب ": حدثنا بركة بن محمد الحلبي: حدثنا أحمد بن على عن ابن عمر مرفوعا.

قال في الميزان

" هذا حديث باطل، وبركة متهم. قال الدارقطني: ابن أخت عبد القدوس متروك الحديث

كذا في " ذيل الأحاديث الموضوعة " للسيوطي (ص 128) و" تنزيه الشريعة " (2/197)

قلت: ومع هذا فقد أورده السيوطي في " الجامع الصغير " أيضا من رواية الخطيب في " رواة مالك " عن ابن عمر. وتعقبه المناوي بما نقلته عن " الذيل " غير أنه لم يعزه إليه

বাংলা

১২১৯। বায়না তার জন্যই যাকে বায়না দেয়া হয়েছে।

হাদীসটি বাতিল।

হাদিসটি দারাকুতনী "আল-গারায়েব" গ্রন্থে বারাকাহ ইবনু মুহাম্মাদ হালাবী হতে, তিনি আহমাদ ইবনু আলী ইবনে



উখতু আন্দিল কুদ্দুস হতে, তিনি মালেক হতে, তিনি নাফে' হতে, তিনি আবদুল্লাহ ইবনু উমার (রাঃ) হতে মারফূ হিসেবে বর্ণনা করেছেন।

হাফিয যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেনঃ এ হাদীসটি বাতিল। বারাকাহ মিথ্যা বর্ণনা করার দোষে দোষী। দারাকুতনী বলেনঃ ইবনু উখতে আন্দিল কুদ্দুস মাতরূকুল হাদীস। অনুরূপ কথা সুয়ুতীর "যায়লুল আহাদীসিল মওযুয়াহ" গ্রন্থে (পৃঃ ১২৮) এবং "তানযীহুশ শারীয়াহ" গ্রন্থে (২/১৯৭) এসেছে।

আমি (আলবানী) বলছিঃ তা সত্ত্বেও সুয়ূতী "আল-জামেউস সাগীর" গ্রন্থে খাতীবের বর্ণনায় ... ইবনু উমার (রাঃ) হতে উল্লেখ করে। এ কারণেই মানবী "আযযায়েল" গ্রন্থের উদ্ধৃতি দিয়ে তার সমালোচনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন